

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
পরিবেশ ও ভূগোল
অষ্টম শ্রেণি

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ কর্কটীয় উচ্চচাপ বলয় থেকে নিরক্ষীয় নিম্নচাপ বলয়ের দিকে প্রবাহিত নিয়ত বায়ু হলো —

- ক) দক্ষিণ-পূর্ব আয়নবায়ু
- খ) উত্তর-পূর্ব আয়নবায়ু
- গ) দক্ষিণ-পশ্চিম পশ্চিমাবায়ু
- ঘ) উত্তর-পশ্চিম পশ্চিমাবায়ু

১.২ ঠিক জোড়াটি নির্বাচন করো -

- ক) বজ্রপাতসহ প্রবল বৃষ্টি — সিরাস মেঘ
- খ) জলীয় বাষ্পের জলকণায় পরিণত হওয়ার প্রক্রিয়া — বাষ্পীভবন
- গ) বৃষ্টিচ্ছায় অঞ্চল — পর্বতের প্রতিবাত ঢাল
- ঘ) ঘূর্ণবাতের কেন্দ্রে সর্বনিম্ন বায়ুচাপ — ঘূর্ণবাতের চোখ

১.৩ পৃথিবীর বৃহত্তম মিষ্টি জলের হ্রদ হলো —

- ক) হুরগ
- খ) ইরি
- গ) সুপিরিয়র
- ঘ) মিশিগান

২. শূণ্যস্থান পূরণ করো :

২.১ উত্তর-পশ্চিম ভারতে প্রবাহিত একটি স্থানীয় বায়ু হলো _____ ।

২.২ কোনো একটি নির্দিষ্ট সময়ে সমপরিমাণ বৃষ্টিপাতযুক্ত স্থানগুলিকে মানচিত্রে _____ রেখার সাহায্যে যুক্ত করা হয়।

২.৩ দক্ষিণ আমেরিকার আন্দিজ পর্বতের পশ্চিমে অবস্থিত পৃথিবীর অন্যতম শুষ্ক অঞ্চল _____ মরুভূমি।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ উত্তর আমেরিকার প্রেইরি সমভূমি দুগ্ধশিল্পে উন্নত কেন?

৩.২ পৃথিবীর বৃহত্তম নদী অববাহিকার তিনটি ভৌগোলিক বৈশিষ্ট্য লেখো।

৪. ‘বায়ুচাপ বলয়গুলির অবস্থান পরিবর্তন দুই গোলাার্ধের ৩০° থেকে ৪০° অক্ষরেখার মাঝের স্থানগুলির জলবায়ুর উপর বিশেষ প্রভাব ফেলে’— উপযুক্ত উদাহরণসহ বিষয়টি ব্যাখ্যা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।